ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ROSEDIN ● Vol. - 1 ● Issue - 148 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ৩০৪ ● কলকাতা ● ২৬ কার্ত্তিক, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ১৩ নভেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## লালকেল্লা বিস্ফোরণ: লাল রংয়ের ফোর্ড ইকো স্পোর্টের খোঁজে হন্যে গোয়েন্দারা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**নয়া দিল্লি:** লালকেল্লার বিস্ফোরণে জড়িত সন্দেহে আরও এক গাড়ির খোঁজে হন্য হয়ে ঘুরছেন গোয়েন্দারা। ইতিমধ্যেই ফোর্ডের লাল রংয়ের ইকো স্পোর্ট মডেলের ওই গাড়ির বিষয়ে দিল্লি সহ রাজধানী সংলগ্ন বিভিন্ন থানাকে এ বিষয়ে সতর্কও করা হয়েছে। যে গাড়িটিকে গোয়েন্দারা হন্য হয়ে খুঁজছেন তার রেজিস্ট্রেশন দিল্লিতেই।লালকেল্লার বিস্ফোরণের ক্ষেত্রে হুন্ডাইয়ের আই২০ মডেলের গাড়িটির জড়িত থাকার প্রমাণ পাওয়ার পরেই ফোর্ডের লাল রংয়ের ইকোস্পোর্ট মডেলের আরও একটি গাড়ির যোগসূত্র সংক্রান্ত প্রমাণ পেয়েছেন গোয়েন্দারা। ইতিমধ্যেই ওই গাড়ির খোঁজে

এরপর ৩ পাতায়

### পর্ব 111
## হিমালয়ের সমর্পণ যোগ



কিছুদিন অভ্যাস করার পরে অনুভব করলাম যে কিছু সময় ভূমির আর এর জন্য তিনি প্রকৃতির সান্নিধ্যের ব্যবহার করছিলেন। তিনি সর্বদা চিত্তকে ইতিবাচক (পজিটিভ) রূপে তৈরী করার চেষ্টা করতে থাকতেন। এরপর তিনি শুক্লপক্ষের প্রথম তিথি থেকে চাঁদের আলোতে বসে চাঁদের উপর চিত্ত একাগ্র করে ধ্যান করা শিখিয়েছেন। প্রতিদিন অভ্যাসের সময়সীমা বাড়তে থাকে এবং পূর্ণিমার রাতে পুরো রাত করিয়েছেন। "চিত্তকে চাঁদের উপর একাগ্র করে ধ্যান কর উপর বসে ধ্যান-সাধনা করার পর চিত্ত শীঘ্র একাগ্র হত, আর পরে খুব শান্ত ও ভাল লাগত এবং শরীরেও এক হাল্কাভাব অনুভব হত।

**ক্রমশঃ**


ভর্তি চলছে

# ভবানী চাইল্ড ইনস্টিটিউট

BHABANI CHILD INSTITUTE • 24 PARGANAS (SOUTH)

স্থাপিত ঃ ১৯৯৩

২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির পঠন-পাঠন শুরু হবে ৪ঠা ডিসেম্বর, ২০২৫ বৃহস্পতিবার থেকে







আসন সংখ্যা সীমিত। অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময় ঃ সকাল ৯টা থেকে বেলা ১টা

যোগাযোগ ঃ 9083249944 / 9083249933 / 9083249922

# প্রধানমন্ত্রীর ভুটানে রাষ্ট্রীয় সফর উপলক্ষে যৌথ সংবাদ বিবৃতি



**নয়াদিল্লি, ১২ নভেম্বর, ২০২৫**

মহামান্য ভুটানের রাজা জিগমে খেসর নামগিয়াল ওয়াংচুকের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১১ এবং ১২ নভেম্বর – দু'দিনের রাষ্ট্রীয় সফরে ভুটান গিয়েছিলেন।

সফরকালে প্রধানমন্ত্রী ভুটানের জনসাধারণের সঙ্গে চতুর্থ ড্রুক গ্যালপো-র ৭০তম জন্মবার্ষিকী চাংলিমিথাং-এ উদযাপন করেন। ১১ নভেম্বর আয়োজিত এই অনুষ্ঠানে তিনি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী থিম্পুতে অনুষ্ঠিত শান্তির জন্য আন্তর্জাতিক প্রার্থনা উৎসবে যোগ দেন। উৎসব চলাকালীন ভগবান বুদ্ধের পবিত্র পিপরাওয়া স্মারক থিম্পুতে নিয়ে আসা হয়। ভুটানের রাজা ভারতের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন।

প্রধানমন্ত্রী ভুটানের রাজা এবং মহামান্য চতুর্থ ড্রুক গ্যালপো-র সঙ্গে একটি অনুষ্ঠানে সম্বর্ধিত হন। তিনি ভুটানের প্রধানমন্ত্রী দাসো শেরিং তোবগের সঙ্গে মতবিনিময় করেন। আলোচনায় দু'দেশের মধ্যে গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সহযোগিতা ছাড়াও পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় স্থান পেয়েছে।

দিল্লিতে ১০ নভেম্বর বিস্ফোরণে প্রাণহানির ঘটনায় ভুটান সরকার ও সে দেশের জনগণের পক্ষে মহামান্য রাজা গভীর দুঃখ প্রকাশ করেন। তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনায় একটি প্রার্থনা সভার আয়োজন করেন। ভুটানের সমর্থন ও একাত্মতা প্রকাশে ভারত ভুটানকে ধন্যবাদ জানিয়েছে।

অর্থনীতিকে চাঙ্গা করার উদ্যোগ সহ ভুটানের ত্রয়োদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে ভারত সহায়তা করবে। এ বিষয়ে প্রধানমন্ত্রী তাঁর অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেছেন। ভুটানের বিভিন্ন উন্নয়নমূলক উদ্যোগে এবং সুস্থায়ী উন্নয়নের জন্য গৃহীত পদক্ষেপে ভারত সহায়তা বজায় রাখবে। সে দেশে ত্রয়োদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার আওতায় বিভিন্ন প্রকল্পে ভারত সহায়তা করায় ভুটান ভারতের প্রশংসা করেছে।

গেলেফু মাইন্ডফুলনেস সিটি বাস্তবায়নে ভুটানের রাজার উদ্যোগকে ভারত সরকার সম্পূর্ণ সহযোগিতা করবে বলে প্রধানমন্ত্রী আশ্বাস দিয়েছেন। আসামের হাতিসরে একটি ইমিগ্রেশন চেকপোস্ট গড়ে তোলার সিদ্ধান্তের কথা তিনি ঘোষণা করেন। এর ফলে, গেলেফু-তে বিনিয়োগকারী এবং পর্যটকদের যাতায়াতে সুবিধা হবে। গিয়ালসাং অ্যাকাডেমি গড়ে তোলার ক্ষেত্রে ভারতের সহায়তার জন্য ভুটানের রাজা ভারতের প্রশংসা করেছেন।

ভগবান বুদ্ধের পবিত্র পিপরাওয়া স্মারকের উপস্থিতিতে মহামান্য রাজা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যৌথভাবে ১১ নভেম্বর ১,০২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন পুনাতসাংছু-২ জলবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন করেছেন। এই প্রকল্পটি জলবিদ্যুৎ ক্ষেত্রে ভুটান ও ভারতের সৌহার্দ্যের প্রতীক। তাঁরা পুনাতসাংছু-২ থেকে উৎপাদিত বিদ্যুৎ ভারতে রপ্তানির সূচনা করেছেন। ২০২৪-এর মার্চ মাসে জ্বালানি সংক্রান্ত অংশীদারিত্বে উভয় দেশের যৌথ উদ্যোগ বাস্তবায়িত হওয়ায় দু'পক্ষই সন্তোষ প্রকাশ করেছেন।

দুই নেতা ১,২০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন পুনাতসাংছু-১ জলবিদ্যুৎ প্রকল্পের জন্য প্রধান জলাধারটি নির্মাণের কাজ আবারও শুরু হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন। এই প্রকল্প যাতে দ্রুত বাস্তবায়িত হয় তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে তাঁরা সহমত প্রকাশ করেছেন। এই প্রকল্পটির কাজ শেষ হয়ে গেলে দু'দেশের সরকারের যৌথ উদ্যোগে এটি হবে সর্ববৃহৎ জলবিদ্যুৎ প্রকল্প।

ভুটানের বিভিন্ন জলবিদ্যুৎ প্রকল্পে ভারতীয় সংস্থাগুলির সক্রিয় অংশগ্রহণকে তাঁরা স্বাগত জানিয়েছেন। ভুটানে বিভিন্ন জ্বালানি প্রকল্পের জন্য ৪,০০০ কোটি ভারতীয় টাকা ঋণবাবদ প্রদানের ঘোষণা করায় ভুটান ভারতের প্রশংসা করেছে।

সীমান্তবর্তী অঞ্চলের পরিকাঠামোর মানোন্নয়ন এবং যোগাযোগ ব্যবস্থা উন্নত করা সহ সুসংহত চেকপোস্ট গড়ে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে উভয় পক্ষ মতপ্রকাশ করেছে। তাঁরা দাররঙ্গায় ২০২৪-এর নভেম্বরে সুসংহত চেকপোস্ট কাজ শুরু করায় এবং মার্চ মাসে যোগীগোফায় ইনল্যান্ড ওয়াটারওয়েজ টার্মিনাল ও মাল্টি-মোডাল লজিস্টিক্স পার্ক থেকে কাজ শুরু হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন। সেপ্টেম্বর মাসে গেলেফু-কোকরাঝাড় এবং সামসে-বানারহাটের মধ্যে রেল যোগাযোগ শুরু করার জন্য সমঝোতাপত্র স্বাক্ষরিত হওয়ায় উভয় পক্ষই এই উদ্যোগকে স্বাগত জানিয়েছে।

ভুটানে নিত্যপ্রয়োজনীয় সামগ্রী এবং সার নিরবচ্ছিন্নভাবে সরবরাহ করার ক্ষেত্রে ভারত যে প্রাতিষ্ঠানিক উদ্যোগ গ্রহণ করেছে, ভুটান সেই উদ্যোগের বিষয়ে প্রশংসা করেছে। নতুন এই ব্যবস্থাপনায় ভারত থেকে প্রথম দফায় সার এসে পৌঁছেছে। বিজ্ঞান, প্রযুক্তি, উদ্ভাবন, গণিত, ফিনটেক ও মহাকাশের মতো ক্ষেত্রে ক্রমবর্ধমান সহযোগিতাকে উভয় পক্ষ স্বাগত জানিয়েছে। ইউপিআই-এর দ্বিতীয় পর্যায় কাজ

এরপর ৩ পাতায়







(১ম পাতার পর)

# লালকেল্লা বিস্ফোরণ: লাল রংয়ের ফোর্ড ইকো স্পোর্টের খোঁজে হন্যে গোয়েন্দারা

দিল্লি পুলিশের তরফে পাঁচটি বিশেষ দল তৈরি করা হয়েছে। তারা চরকি পাক খেয়ে বেড়াচ্ছে। পাশাপাশি হরিয়ানা ও উত্তরপ্রদেশ পুলিশকেও এ বিষয়ে সতর্ক করে দেওয়া হয়েছে। দিল্লির রাজৌরি গার্ডেন এলাকায় উমর নবির নামেই গাড়িটির নিবন্ধীকরণ রয়েছে।নম্বর হল-ডিএল ১০সিকে ০৪৫৮ (DL10CK0458)। ওই গাড়িটিও বিস্ফোরণে সম্ভবত নিহত জঙ্গি উমর নবির নামে আঞ্চলিক পরিবহণ দফতরের কার্যালয়ে নথিভুক্ত রয়েছে। ২০১৭ সালে নিবন্ধীকরণ হয়েছিল।

গত সোমবার সন্ধে ৬টা বেজে ৫২ মিনিটে ভয়াবহ বিস্ফোরণে কেঁপে ওঠে লালকেল্লা সংলগ্ন এলাকা। গাড়ি বোমা বিস্ফোরণে কমপক্ষে প্রাণ হারিয়েছেন ১২ জন। আহত হয়েছেন ৩০ জন। সিসিটিভি ফুটেজ দেখে রাতেই বিস্ফোরণে ব্যবহৃত হুন্ডাই আই ২০ গাড়ির মালিক মহম্মদ সলমনকে আটক করে পুলিশ। জেরায় সে জানায়, গাড়িটি আগেই পুলওয়ামার এক বাসিন্দাকে বিক্রি করে দিয়েছিলেন তিনি। তবে নথিপত্রে তখনও নামবদল হয়নি। পরে বিভিন্ন সিসিটিভি ফুটেজে দেখা যায়, গাড়িটির এখনকার মালিক চিকিৎসক উমর মহম্মদই বিস্ফোরণের আগে গাড়িটি চালাচ্ছিলেন। দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত প্রায় তিন ঘণ্টা ধরে লালকেল্লার কাছে একটি পার্কিংয়ে দাঁড়িয়ে ছিল গাড়িটি।ইতিমধ্যেই পুলওয়ামার কোয়েল গ্রামের বাসিন্দা উমরের মা ও দুই ভাইকে গ্রেফতার করেছে পুলিশ। যদিও বাবা গুলাম নবি ভাটের মানসিক অবস্থার কথা মাথায় রেখে তাকে গ্রেফতার করা হয়নি। শুধু আটক করা হয়েছে। বিস্ফোরণস্থল থেকে পাওয়া দেহাংশ শনাক্ত করার জন্য মঙ্গলবার উমরের মা ও বাবার ডিএনএ সংগ্রহ করা হয়।

(২ পাতার পর)

# প্রধানমন্ত্রীর ভুটানে রাষ্ট্রীয় সফর উপলক্ষে যৌথ সংবাদ বিবৃতি

শুরু হওয়ায় তাঁরা সন্তোষ প্রকাশ করেন। এর ফলে, ভুটান থেকে কেউ ভারতে গেলে তিনি কিউআর কোড স্ক্যান করে আর্থিক লেনদেনের কাজ করতে পারবেন। মহাকাশ ক্ষেত্রে যৌথ উদ্যোগ বাস্তবায়িত হওয়ায় তাঁরা সন্তোষ প্রকাশ করেন। ভুটানে ভারতীয় শিক্ষক ও নার্সদের অমূল্য অবদানকে স্বীকৃতি জানিয়েছে উভয় পক্ষই।

রাজগীরে রয়্যাল ভুটান টেম্পলের পবিত্র অভিষেক, বারাণসীতে একটি ভুটানী মন্দির ও অতিথি নিবাস প্রতিষ্ঠার জন্য ভারত সরকারের পক্ষ থেকে জমির ব্যবস্থা করায় দুই নেতা এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।

সফরকালে দুটি দেশের মধ্যে যেসব ক্ষেত্রে সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে সেগুলি হল :

(ক) পুনর্নবীকরণযোগ্য জ্বালানি ক্ষেত্রে সহযোগিতার জন্য ভুটান সরকারের জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ মন্ত্রক এবং ভারত সরকারের নতুন ও পুনর্নবীকরণযোগ্য জ্বালানি মন্ত্রক একটি সমঝোতাপত্র স্বাক্ষর করেছে।

(খ) স্বাস্থ্য ও ওষুধের ক্ষেত্রে সহযোগিতার জন্য ভুটান সরকারের স্বাস্থ্য মন্ত্রক ও ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের মধ্যে একটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে।

(গ) পেমা সচিবালয় এবং ভারতের ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস-এর মধ্যে একটি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে। এর ফলে, প্রাতিষ্ঠানিক স্তরে যোগাযোগ বৃদ্ধি পাবে।

গভীর আস্থা, অটুট বন্ধুত্ব, পারস্পরিক শ্রদ্ধা এবং প্রতিটি স্তরে বোঝাপড়ার উপর ভিত্তি করে গড়ে ওঠা এবং দু-দেশের জনগণের মধ্যে শক্তিশালী যোগাযোগের পাশাপাশি ঘনিষ্ঠ অর্থনৈতিক ও উন্নয়নমূলক সহযোগিতার মাধ্যমে ভুটান-ভারত অংশীদারিত্ব আরও শক্তিশালী হয়েছে। প্রধানমন্ত্রীর এই সফর দুই দেশের মধ্যে নিয়মিত উচ্চ-পর্যায়ের মতবিনিময়ের ঐতিহ্যকে আবারও নিশ্চিত করেছে এবং উভয় পক্ষ ভবিষ্যতে এটি বজায় রাখতে সম্মত হয়েছে।

# ভিন রাজ্যে কাজ করতে গিয়ে মৃত্যু যুবক

**সুকুমার বিশ্বাস, জলপাইগুড়ি**

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির ব্লকের রামশাই অঞ্চলের ভিন রাজ্যের কাজ করতে গিয়ে দুর্ঘটনায় মৃত্যু হলো মিলন রায়(২৪) গত সাত দিন আগেই তিনি মেঘালয়ের উদ্দেশ্যে রওনা হয়েছিল। সাত দিন পেরোতে না পেরেতেই মিলন রায়ের বাড়িতে দুর্ঘটনা খবর চলে আসে। খবর পাওয়া মাত্রই পরিবারের লোকজন কান্নায় ভেঙে পড়ে। মৃত যুবকের বাড়ি রামশাই অঞ্চলের চ্যাঙমারি গ্রাম পঞ্চায়েত এলাকায়। মঙ্গলবার তার নিথর দেহ এসে পৌঁছায় গ্রামে। শোকের ছায়া ও পরিবার টি কান্নায় ভেঙে পড়ে।মৃত যুবকের খবর পাওয়া মাত্রই গ্রামের সকল স্তরের মানুষ শোকাহত। পরিবারের পাশে দাঁড়াতে ছুটে আসে জলপাইগুড়ির জেলা তৃণমূল যুব সভাপতি বিশিষ্ট সমাজসেবী রামমোহন রায়। মিলন রায়ের বাবা কৃষ্ণ রায় কৃষি কাজ করে। মিলন বাড়ির বড় ছেলে। মৃত যুবকের ভাই কালিম্পং কাজ করে। আরেক ভাই বাবার সাথে কৃষিকাজ করেন। অভাবের সংসার চালাতে বাবা হিমশিম খেতে হচ্ছে,তাই বড় ছেলে মিলন বাবার পাশে দাঁড়াতে মেঘালয়ের কাজের উদ্দেশ্যে গিয়েছিল। সাত দিন যেতে না যেতেই মিলনের জীবন শেষ হয়ে গেল। পরিবার বড় ছেলের মৃত্যুর খবর পাওয়া মাত্রই ভেঙে পড়ছেন, তা মেনে নিতে পারছেন না। জানা যায় মিলন কাজ করার সময় গাড়ি থেকে বিদ্যুতের খুঁটি নামাতে গিয়ে তার মৃত্যু হয়েছে। বিদ্যুতের খুঁটি তার বুকের উপরে পড়ে যায়। এরপর তড়িঘড়ি স্থায়ী ও হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাকে মৃত বলে ঘোষণা করা করেন চিকিৎসক। জলপাইগুড়ির তৃণমূলের যুব সভাপতি রামমোহন রায় জানান, এটা একটা দুঃখজনক ঘটনা, তার পরিবারের পাশে আছি।

# বিশ্ব শান্তি প্রার্থনা উৎসবে অংশগ্রহণ প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ১২ নভেম্বর, ২০২৫**

ভুটানের থিম্পুতে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে বরণ করেন সেদেশের চতুর্থ রাজা জিগমে সিংগিয়ে ওয়াংচুক। চতুর্থ রাজার ৭০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে তাঁকে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী এবং তাঁর সুস্বাস্থ্য কামনা করেন।

ভারত-ভুটান সম্পর্ক মজবুত করার ক্ষেত্রে চতুর্থ রাজার নেতৃত্ব ও ভূমিকার ভুয়সী প্রশংসা করেন প্রধানমন্ত্রী। দুই নেতার মধ্যে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় উঠে আসে ভারত ও ভুটানের মানুষের মধ্যে আধ্যাত্মিক ও সাংস্কৃতিক বন্ধনের প্রসঙ্গও।

ভুটানের চতুর্থ রাজা এবং সেদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে চাংলিমিথাং স্টেডিয়ামে বিশ্ব শান্তি প্রার্থনা উৎসবে যোগ দেন প্রধানমন্ত্রী শ্রী মোদী।

## সম্পাদকীয়

### দিল্লিতে বিস্ফোরণ, বাংলা থেকে উদ্ধার জিলেটিন স্টিক

দিল্লি বিস্ফোরণের পর কলকাতা-সহ বাংলার সমস্ত গুরুত্বপূর্ণ রেল স্টেশন, জায়গাগুলোতে তৎপর পুলিশ। চলছে নাকাচেকিং। বীরভূমে পুলিশের নাকা চেকিংয়ে উদ্ধার জিলেটিন ষ্টিক। একটি চারচাকা গাড়িতে করে বস্তাবন্দি করে ওই জিলেটিন স্টিক নিয়ে যাওয়া হচ্ছিল। ঘটনাটি ঝাড়খণ্ড সীমানা লাগোয়া বীরভূমের নলহাটি থানার সুলতানপুর নলহাটি রাস্তায়।ভার্চুয়ালি মিটিং করার পর প্রত্যেকটি থানা কে সতর্ক থাকার নির্দেশ দিয়েছিলেন পুলিশ কমিশনার মনোজ ভর্মা। তারপরই কলকাতা পুলিশের পক্ষ থেকে এই পদক্ষেপ। পুলিশ কমিশনারের নির্দেশ কোন অচেনা ব্যাক্তি কোন এলাকায় অযথা ঘুরলে বা সন্দেহ হলে নজর রাখতে হবে। নাকা চেকিং পয়েন্ট জোরদার করতে হবে, একই জায়গায় না করে বিভিন্ন জায়গায় নাকা করার নির্দেশ।পুলিশের দাবি ২০ হাজার জিলেটিন স্টিক উদ্ধার হয়েছে। মঙ্গলবার রাতে ওই এলাকায় টহলদারি চালানোর সময় পুলিশ চারচাকা গাড়িটি দেখতে পান। গাড়িটি আটক করে তল্লাশি চালানোর সময় বিস্ফোরকগুলি দেখতে পায় পুলিশ। এরপরেই গাড়িটিকে বাজেয়াপ্ত করে নলহাটি থানার পুলিশ। ইতিমধ্যেই এই ঘটনায় গ্রেফতার করা হয়েছে একজন ব্যক্তিকে। ধৃতের নাম নারায়ন ঘোষ। বাড়ি নলহাটি থানা এলাকায়। তাকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।


বিস্ফোরক গুলি কোথায় ও কি কারনে কারা নিয়ে যাচ্ছিল সেই বিষয়টি তদন্ত করছে বীরভূম জেলা পুলিশ। পাথর শিল্পাঞ্চলে নাকি অন্য কোনো কাজে ব্যবহারের জন্য এই জিলেটিন স্টিক নিয়ে যাওয়া হচ্ছিল তা খতিয়ে দেখছে পুলিশ। কলকাতা পুলিশের পক্ষ থেকে পার্কস্ট্রিট চত্বর এলাকায় হোটেল- লজ গুলিতে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। পার্কস্ট্রিট থানার পক্ষ থেকে হোটেল গুলিতে গিয়ে রেজিস্টার চেক করা হচ্ছে।

কতজন আবাসিক আছে? কোথা থেকে এসেছে? কত দিনের জন্য বুকিং? সেই সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করছেন।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



**মৃত্যুঞ্জয় সরদার**
**(চতুর্থ পর্ব)**




আওয়াজ শুনতে পেয়েছেন এমন মানুষের সংখ্যা মোটেও কম নয়। আমার অনেক বন্ধুই আছে যারা আমাকে অলৌকিক সব ঘটনার কাহিনী শোনায় এবং জিজ্ঞাসা করে, ‘এর কি কোনো ব্যাখ্যা তোমার কাছে আছে?’ সব মিরাকলের ব্যাখ্যা খুঁজতে যাওয়াটা সময় ও শ্রমের অপচয়। কিন্তু তারপরও কিছু মিরাকলের ব্যাখ্যা খুঁজে যেতে হয়। কোনো মিরাকল

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## অ্যাঙ্গোলার ৫০-তম স্বাধীনতা বার্ষিকী উদযাপন সমারোহে যোগ দিলেন রাষ্ট্রপতি



**নয়াদিল্লি, ১২ নভেম্বর, ২০২৫**

প্রেসিডেন্ট জোয়াও ম্যানুয়্যাল গনজালভেস লরেঙ্গো-র আমন্ত্রনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ১১ নভেম্বর অ্যাঙ্গোলার ৫০-তম স্বাধীনতা বার্ষিকী উদযাপন সমারোহে যোগ দিলেন। ওই দেশের রাজধানী লুয়ান্ডায় দুই রাষ্ট্রপ্রধান অ্যাঙ্গোলার সামরিক এবং সাংস্কৃতিক সম্পদের বর্ণময় ও প্রাণবন্ত প্রদর্শন প্রত্যক্ষ করেন।

আফ্রিকায় দু দেশ সফরের দ্বিতীয় পর্বে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বৎসোয়ানার গাবোরন-এ স্যার সেরেৎসে খামা আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছেছেন। এই প্রথম ভারতের কোনও রাষ্ট্রপ্রধান রাষ্ট্রীয় সফরে বৎসোয়ানায় গেলেন। বিমান বন্দরে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান বৎসোয়ানার মাননীয় রাষ্ট্রপ্রধান অ্যাডভোকেট দুমা গিডিঅন বোকো। ভারতের রাষ্ট্রপতিকে গার্ড অফ অনার দেওয়া হয়।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

দেবীর ছয় হাতের মধ্যে ডানদিকের হাতগুলোতে কপাল, কর্তরী ও ঢাল সমেত শূলেবিদ্ধ এক মানুষের দেহ। আর বাঁদিকের হাতগুলোতে সম্ভবত ত্রিশূল, ঘণ্টা ও মানুষের মাথা। ত্রিশূলের পিছন দিক দিয়ে বিদ্ধ এক মনুষ্যদেহ, তা থেকে রক্ত ঝরছে ও শিয়াল খাচ্ছে।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# গঙ্গাসাগর স্নানেই জীবনের মোক্ষ লাভ

ঈশানী মল্লিক :

(ষষ্ঠ পর্ব)



পুত্র রাজা ভগীরথ প্রথমে ব্রহ্মা ও পরে বিষ্ণুর আরাধনা করে গঙ্গাকে মর্ত্যে নিয়ে যাওয়ার অনুমতি পান। সন্তুষ্ট ভগবান বিষ্ণু ভগীরথকে সতর্ক করেন, গঙ্গার গতি নিয়ন্ত্রণ করতে না পারলে সেই দুরন্ত বেগে পৃথিবী ধ্বংস হয়ে যেতে পারে। ভগীরথ তখন ভগবান শিবের কাছে প্রার্থনা করেন, শিব যেন তার জটায় গঙ্গাকে ধারণ করে তার বেগ নিয়ন্ত্রণ করেন। শিবের জটায় গঙ্গার দ্রুতবেগ হ্রাস পায় এবং তারপর গঙ্গা মর্তে অবতরণ করেন। অবশেষে ভগীরথ পবিত্র গঙ্গা জলে তাঁর ৬০,০০০ পূর্বপুরুষের আত্মার শ্রাদ্ধকর্মাদি করে তাদের আত্মাকে নরক থেকে মুক্ত করেন।

যুগ যুগে এই সব পৌরাণিক কাহিনী কিংবদন্তি ও পরে কিংবদন্তি থেকে বিশ্বাসে রূপান্তরিত হয়েছে। রাজা ভগীরথের নাম অনুসারে তাই গঙ্গার নাম হয় ভাগীরথী এবং রাজা সগরের নামে সমুদ্রের নাম হয় সাগর। সমুদ্র ও নদীর মধ্যবর্তী দ্বীপের নাম হয় "সাগরদ্বীপ"।

পুজোর নিয়ম ও আচার:

পৌরাণিক এই আখ্যানে বিশ্বাস রেখে প্রতি বছর লক্ষ লক্ষ পুণ্যার্থী মোক্ষের সন্ধানে মকর সংক্রান্তির সময়ে গঙ্গাসাগর মেলায় যান। তারা বিশ্বাস করেন, সাগর সঙ্গমের পবিত্র জলে ডুব দিলে সমস্ত পাপ ধুয়ে যায়। বলা হয়, সঠিক মুহূর্তে গঙ্গাসাগরে স্নান করলে সমস্ত অর্জিত পাপ ধ্বংস হয় এবং মোক্ষ অর্জিত হয়, একেই শাহি স্নান বলে। শাহি স্নানের পরেও, বেশকিছু আচার-অনুষ্ঠান পরবর্তী ৩ দিন ধরে পালিত হয়। এমনই একটি ধর্মীয় আচার হল, পঞ্চরত্ন ও সূতা প্রদান। এই প্রথা অনুযায়ী, পঞ্চরত্ন ও পবিত্র সূতা নদীর খাতে ভাসানো হয়, যা নদীর স্রোতে সমুদ্রে গিয়ে মেশে। এই সম্পূর্ন প্রথাটি ত্যাগের প্রতীক।

মকর সংক্রান্তির দিন ভোরবেলায় ভক্তরা নির্বাণ প্রাপ্তির আশায় সাগরের ঠাণ্ডা জলে ডুব দেয়। তাদের মধ্যে কেউ কেউ নিজেদের মাথা ন্যাড়া করে আবার কেউ কেউ তাদের প্রয়াত পিতা-মাতার জন্য শ্রাদ্ধ অনুষ্ঠান করে। তারপর দুপুর অবধি চলে স্নানের আচার। স্নান হয়ে গেলে তারা পূজাপাঠের উদ্দেশ্যে কপিল মুনির মন্দিরে যায় এবং তাঁর আশীর্বাদ প্রার্থনা করে। সন্ধ্যাবেলা সমুদ্রের জল ভক্তদের ভাসানো হাজার হাজার প্রদীপের আলোয় আলোকিত হয়, যা সেই মুহূর্তকে অসীম এক উচ্চতায় উন্নীত করে। এই বিশ্বাসে ভর দিয়ে প্রতিবছর লক্ষ লক্ষ মানুষ কপিল মুনির মন্দির দর্শন করেন 'সব তীর্থ বারবার, গঙ্গাসাগর একবার'।

পূজা ও আরতির সময়:

স্নানকাল: মকর সংক্রান্তির সূর্যোদয়ের সময়।

অর্ঘ্য প্রদান: গঙ্গাজল, দুধ, তিল ও ফুল দিয়ে সূর্যদেবকে অর্ঘ্য।

দান: তিল, চাল, গুড়, পোশাক, ও অর্থ দান করলে অশেষ পুণ্য লাভ হয়।

পূজা: কপিল মুনির মন্দিরে প্রদীপ জ্বালানো, ব্রাহ্মণ ভোজন ও গঙ্গা আরতি।

সংযম ও ব্রত: উপবাস, মনঃসংযম, এবং জপ-ধ্যান এই সময়ে বিশেষ ফলদায়ক।

সাধারণত মকর সংক্রান্তির প্রথম প্রহরে মেলা শুরু হয়। তীর্থযাত্রীরা ভোর ৩:০০ টা থেকে

ক্রমশঃ

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# ইসলামাবাদের আদালত চত্বরে বোমা হামলার দায় স্বীকার পাকিস্তানি তালিবানের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



মঙ্গলবার পাকিস্তানি তালিবান ইসলামাবাদে ১২ জন নিহত হওয়া আত্মঘাতী বোমা হামলার দায় স্বীকার করার পরও, পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ ভারতের উপর দোষ চাপানোর চেষ্টা করেছেন। শেহবাজ সন্ত্রাসবাদী হামলার নিন্দা করে পাকিস্তানি তালিবানকে “ভারত-স্পন্সরিত সন্ত্রাসী প্রক্সি” বলে উল্লেখ করে বলেছেন, “এই হামলাগুলি পাকিস্তানকে অস্থিতিশীল করার লক্ষ্যে ভারত এই হামলা চালাচ্ছে।” ভারত পাক প্রধানমন্ত্রীর এই মন্তব্যের প্রতিক্রিয়া না জানালেও অতীতে পাকিস্তানের এই ধরনের দাবিকে খারিজ করে দিয়েচঝে নয়াদিল্লি।

মঙ্গলবার রাজধানী ইসলামাবাদের জি-১১ জুডিশিয়াল কমপ্লেক্সে এই হামলা হয়েছে। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি জানিয়েছেন, হামলাকারী পুলিশের একটি গাড়ির কাছে বিস্ফোরণ ঘটায়। নিহতদের মধ্যে আইনজীবী ও পথচারী রয়েছেন বলে জানান তিনি। সাম্প্রতিক বছরগুলোর মধ্যে পাকিস্তানে অন্যতম বড় হামলা।

দিল্লিতে বিস্ফোরণের এক দিন পর মঙ্গলবার দুপুরে ভয়াবহ বিস্ফোরণে কেঁপে ওঠে ইসলামাবাদ। আদালত চত্বরে ঘটে বিস্ফোরণটি। তাতেই প্রায় ১২ জনের প্রাণহানি হয়। জেলা আদালত ভবনের সামনে পুলিশের গাড়ির কাছে আত্মঘাতী বোমা হামলার দায় স্বীকার করেছে পাকিস্তানি তালিবান (টিটিপি)-এর একটি ভিন্নমতাবলম্বী গোষ্ঠী জামাতুল আহরার।এই হামলার পর ভারতকে রীতিমতো হুঁশিয়ারি দিয়েছেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ। মঙ্গলবার হুঁশিয়ারি দিয়েছেন তিনি। ইসলামাবাদ এবং দক্ষিণ ওয়াজিরিস্তানে সাম্প্রতিক সন্ত্রাসী হামলার পর পাকিস্তান আফগানিস্তানের ভেতরে হামলা চালাতে পারে বলে সতর্ক করেছেন। খাজা আসিফ আফগান তালিবান সরকারকে সহিংসতার জন্য দায়ী সন্ত্রাসীদের আশ্রয় দেওয়ার অভিযোগ করেন। এক সাক্ষাৎকারে আসিফ ভারত ও আফগানিস্তানকে যে কোনও দুঃসাহসিক কাজের বিরুদ্ধে সতর্ক করে বলেন, “পাকিস্তানকে একই মুদ্রার মতো করে প্রতিশোধ নিতে হবে।” অর্থাৎ যেভাবে পাকিস্তানে হামলা হচ্ছে সেভাবেই ভারত ও আফগানিস্তানেও হামলা চালানো হবে। পাক প্রতিরক্ষামন্ত্রী আরও বলেন যে হামলার পর আফগানিস্তানের অভ্যন্তরে সীমান্ত পারাপারের সম্ভাবনা “উড়িয়ে দেওয়া” যায় না।মঙ্গলবার পাকিস্তানি তালিবান ইসলামাবাদে ১২ জন নিহত হওয়া আত্মঘাতী বোমা হামলার দায় স্বীকার করার পরও, পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ ভারতের উপর দোষ চাপানোর চেষ্টা করেছেন। শেহবাজ সন্ত্রাসবাদী হামলার নিন্দা করে পাকিস্তানি তালিবানকে “ভারত-স্পন্সরিত সন্ত্রাসী প্রক্সি” বলে উল্লেখ করে বলেছেন, “এই হামলাগুলি পাকিস্তানকে অস্থিতিশীল করার লক্ষ্যে ভারত এই হামলা চালাচ্ছে।” ভারত পাক প্রধানমন্ত্রীর এই মন্তব্যের প্রতিক্রিয়া না জানালেও অতীতে পাকিস্তানের এই ধরনের দাবিকে খারিজ করে দিয়েচঝে নয়াদিল্লি।

মঙ্গলবার রাজধানী ইসলামাবাদের জি-১১ জুডিশিয়াল কমপ্লেক্সে এই হামলা হয়েছে। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি জানিয়েছেন, হামলাকারী পুলিশের একটি গাড়ির কাছে বিস্ফোরণ ঘটায়। নিহতদের মধ্যে আইনজীবী ও পথচারী রয়েছেন বলে জানান তিনি। সাম্প্রতিক বছরগুলোর মধ্যে পাকিস্তানে অন্যতম বড় হামলা।

# কেন ফ্রান্সের ওপর চটেছেন ট্রাম্প?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



এবার ফ্রান্সের ওপর চটেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সোমবার মার্কিন সম্প্রচারক ফক্স নিউজের সাথে এক সাক্ষাৎকারে তিনি ফ্রান্সের ওপর ক্ষোভ ঝেড়ে বলেছেন, “ফরাসিদের সাথে আমাদের অনেক সমস্যা রয়েছে।”

ফক্স নিউজের উপস্থাপিকা লরা ইনগ্রাহাম মার্কিন বিশ্ববিদ্যালয়গুলোতে চীনা শিক্ষার্থীদের ভর্তির বিষয়ে মার্কিন প্রেসিডেন্টকে প্রশ্ন করে বলেন, “তারা ফরাসি নয়, তারা চীনা। তারা আমাদের উপর গুপ্তচরবৃত্তি করে। তারা আমাদের বৌদ্ধিক সম্পত্তি চুরি করে।”

কিন্তু ট্রাম্প তার কথার মাঝে বলে ওঠেন, “আপনি কি মনে করেন ফরাসিরা আসলেই ভালো? আমি আপনাকে বলব, আমি নিশ্চিত নই।”

বেইজিংয়ের সাথে বাণিজ্য যুদ্ধে জড়িয়ে পড়া ট্রাম্পের সাথে তার ফরাসি প্রতিপক্ষ ইমানুয়েল ম্যাক্রোঁর টক-মিষ্টি সম্পর্ক রয়েছে। সেপ্টেম্বরে ম্যাক্রোঁ যখন নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে গিয়েছিলেন তখন মার্কিন নেতাকে সরাসরি ফোন করে জানান, ট্রাম্পের গাড়িবহরের কারণে পুলিশ তাকে রাস্তায় আটকে রেখেছে। অবশ্য শেষ পর্যন্ত মার্কিন পুলিশ ম্যাক্রোঁর জন্য রাস্তা ছেড়ে দেয়নি। ট্রাম্প ম্যাক্রোঁর ফিলিস্তিনি রাষ্ট্রের স্বীকৃতি এবং জলবায়ু নীতির বিরোধিতা করেছেন।

ফক্সকে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প বলেছেন, “ফরাসিদের সাথে আমাদের অনেক সমস্যা হয়েছে যেখানে আমাদের প্রযুক্তির উপর অন্যায্যভাবে কর আরোপ করা হয়।”

ট্রাম্প এর আগে জানিয়েছেন, তিনি ‘বৈষম্যমূলক’ ডিজিটাল কর চালুকারী দেশগুলোর উপর অতিরিক্ত শুল্ক আরোপ করবেন।

# সিনেমার খবর

## অমিতাভকে ‘আই হেট ইউ’ বলতে গিয়ে যে অবস্থা হয়েছিল রেখার

স্টাফ রিপোর্টার, রোজদিন



রেখা আর অমিতাভ বচ্চনের প্রেমের গল্প বলিউডে হট টপিক। আজও যখনই অমিতাভ ও জয়া বচ্চনের দাম্পত্য নিয়ে কথা ওঠে, রেখার প্রসঙ্গ চলে আসে। রেখা যে নিশ্চুপে অমিতাভকে এখনো ভালবাসেন, তা নানা ফিল্মি পার্টিতে স্পষ্ট হয়ে ওঠে রেখার চোখে মুখে। সেই রেখাই একদিন ঘর ভর্তি লোকের সামনে অমিতাভকে বলে উঠেছিলেন, ‘আই হেট ইউ’!

সময়টা আশির দশকের। সিলসিলা সিনেমার শুটিং করছিলেন অমিতাভ ও রেখা। যশ চোপড়া পরিচালিত সিনেমাটি সেই সময় ঝড় তুলেছিল। ফিল্ম সমালোচকরা বলে থাকেন, অমিতাভ ও রেখার ব্যক্তিগত সম্পর্ক ও টানাপেড়েনকেই যেন সিলসিলায় তুলে ধরেছিলেন যশ চোপড়া। আর চিত্রনাট্য এতটাই বাস্তব ছিল যে, সিনেমার শুটিংয়ের সময় আবেগ ধরে রাখতে পারেননি রেখা। আর তার প্রমাণ একটি দৃশ্যের শুটিং।

সিনেমার গল্প অনুযায়ী, সিলসিলার একটি দৃশ্যে নিজেদের পরকীয়া সম্পর্কের টানাপেড়েন নিয়ে কথা বলছেন অমিতাভ। আর তা শুনেই রেখাকে বলতে হবে ‘আই হেট ইউ’ সংলাপ। অমিতাভকে এ কথা বলতে গিয়ে, বার বার হোচট খাচ্ছিলেন রেখা। কিছুতেই আবেগ ধরে রাখতে পারছিলেন না। রেখার চোখের কোল বেয়ে ঝরে পড়েছিল জল। কীভাবে এমন কথা বলবেন প্রাণের অমিতকে?

রেখা পারলেন না। বরং সংলাপ না বলেই হাউ হাউ করে কাঁদতে কাঁদতে অমিতাভকে জড়িয়ে ধরলেন রেখা। সেদিন ঘর ভর্তি লোকের মাঝে রেখাকে দূরে ঠেলে দেননি অমিতাভ। বরং বুকের মাঝে জাপটে ধরে রেখেছিলেন। নিজের হাতে মুছিয়ে দিয়েছিলেন চোখের জল। সিনেমার প্রেম যেন সেদিন বাস্তবের আয়নার রূপ নিয়েছিল।

## গোবিন্দার ‘পরকীয়া’ নিয়ে মুখ খুললেন তার স্ত্রী

স্টাফ রিপোর্টার, রোজদিন



প্রায় চার দশকের দাম্পত্যজীবন। চলতি বছরের শুরুর দিকে গুঞ্জন ছড়ায়, বলিউড অভিনেতা গোবিন্দা ও তার স্ত্রী সুনীতা আহুজার বনিবনা হচ্ছে না। আদালতে নাকি ডিভোর্সের আবেদনও করেছিলেন গোবিন্দাপত্নী। এর পেছনে অনুঘটক হিসেবে কাজ করেছে তৃতীয় ব্যক্তির উপস্থিতি!

এবার বিষয়টি নিয়ে মুখ খুললেন সুনীতা। একটি পডকাস্টে এই বিষয়ে তিনি বলেন, আমি বহুবার সংবাদমাধ্যমে বলেছি, মারাঠি অভিনেত্রীর কথা শুনেছি। কিন্তু আমি কিছু ঘোষণা করিনি। আমি কখনো ওদের একসঙ্গে দেখিনি বা হাতেনাতে ধরতেও পারিনি।

তিনি আরও বলেন, গোবিন্দার এখন এসব করার সময় নয়, বরং পরিবারের দিকে আরও বেশি নজর দেওয়া প্রয়োজন। ছেলেমেয়ের ক্যারিয়ার নিয়ে ভাবার সময়। কিন্তু এই সময়েও নানা গুজব শুনি। এখনও পর্যন্ত এই বিষয়ে আমি একটি কথাও বলিনি। কিছু বিশ্বাস করবেন না। আমি সংবাদমাধ্যমকে জানিয়েছি, আমি সব সময় সত্যি বলব। আমি কখনও মিথ্যা কথা বলি না।

কয়েক বছর ধরেই নাকি স্ত্রী-সন্তানদের সঙ্গে এক বাড়িতে থাকেন না গোবিন্দা। স্ত্রী যেখানে থাকেন, সেই রাস্তার উল্টো দিকের একটি বাংলোয় থাকেন অভিনেতা। সুনীতা বলেন, আমি চার কক্ষের একটি ফ্ল্যাটে দুই ছেলেমেয়েকে নিয়ে থাকি। জায়গা বেশ ছোট, সেখানে থাকতে আমাদের অসুবিধা হয়। তাই এবার গোবিন্দের কাছে পাঁচ কক্ষের ফ্ল্যাট চেয়েছি।

প্রসঙ্গত, ১৯৮৭ সালে গোবিন্দা এবং সুনীতার চার হাত এক হয়। এরপর থেকে ছেলেমেয়েদের নিয়ে ভালোই কাটছিল তাদের সংসারজীবন। শোনা যাচ্ছে, প্রায় ২৫ বছরের ছোট এক অভিনেত্রীর প্রেমে পড়েছেন গোবিন্দা। এরপর থেকেই নাকি এ দম্পতির সংসারে বিচ্ছেদের করুণ সুর বেজে ওঠে।

## শ্বশুরবাড়িতে মার খাওয়ার অভিযোগ, অভিনেতা বললেন ‘প্রমাণ দেওয়া হোক’



স্টাফ রিপোর্টার, রোজদিন

‘শাড়ি বিতর্কে’ এমনিতেই বেকায়দায় কলকাতার ছোট পর্দার অভিনেতা ঋজু বিশ্বাস। এর মধ্যেই আরেক বিতর্কে জড়ালেন তিনি। এবার শ্বশুরবাড়িতে মার খাওয়ার অভিযোগ উঠল তার বিরুদ্ধে। যদিও বিষয়টিকে মিথ্যে বলে উড়িয়ে দিয়েছেন অভিনেতা। দর্শকের একাংশের দাবি, ‘বৌ কথা কও’ ধারাবাহিকের সময়ই বিয়ে করেছিলেন ঋজু। কিন্তু সেই সম্পর্ক নাকি বেশি দিন টেকেনি। শোনা যাচ্ছে, হাওড়ায় অভিনেতার শ্বশুরবাড়ির সামনেই নাকি ঋজুকে বেধড়ক মারধর করা হয়েছিল।

এ প্রসঙ্গে অভিনেতা বলেন, এখন তো অনেকেই নানা ধরনের তথ্য রটাচ্ছেন। হাওড়ার কোথায় আমার শ্বশুরবাড়ি আমি জানতে চাই। দয়া করে আমার বউ, শ্বশুরবাড়ির লোকদের এখন নিয়ে আসা হোক। প্রমাণ দেওয়া হোক।

‘শাড়িতে ভালো লাগছে’ পাঠানো মেসেজের স্ক্রিনশটের বিষয়ে ঋজু বলেন, কেউ কি দেখাতে পারবে আমি অশালীন কোনো প্রস্তাব দিয়েছি? ফেসবুকে একজন অন্যজনকে মেসেজ করতে পারে না? তবে অভিনেতা মনে করেন, তিনি ভুল করেছেন। তবে তার সহঅভিনেতারা সামাজিক যোগাযোগমাধ্যমে যে ‘মজা’ শুরু করেছেন, তা দেখে খুবই দুঃখ প্রকাশ করেছেন ঋজু।

উল্লেখ্য, গত সাত মাস ধরে কোনো ধারাবাহিকে দেখা যায়নি ঋজুকে। মায়ের অসুস্থতার জন্য অনেকদিন অভিনয় থেকে দূরে আছেন এ অভিনেতা।

# আইসিসিতে নাকভির বিরুদ্ধে অভিযোগ করবে ভারত

স্টাফ রিপোর্টার, রোজদিন

এশিয়া কাপের ট্রফি দেশে আনতে এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) সভাপতি মহসিন নাকভির বিপক্ষে প্রয়োজনে পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) সচিব দেবজিৎ শইকীয়া।



গত রবিবার ভারতের ওয়ানডে নারী বিশ্বকাপ বিশ্বকাপ জয়ের পর পুরুষদের এশিয়া কাপের প্রসঙ্গে তিনি এ কথা বলেন।


গত সেপ্টেম্বরে এশিয়া কাপ চ্যাম্পিয়ন হয়েছেন ভারত। ফাইনালে পাকিস্তানকে পাঁচ উইকেটে হারিয়েছিল। ম্যাচ শেষে এক ঘণ্টার বেশি সময় অপেক্ষা করা হলেও তাদের হাতে ট্রফি দেওয়া হয়নি। কারণ নাকভির হাত থেকে ট্রফি নিতে অস্বীকৃতি জানায় ভারত।

নাকভি কিছুতেই অন্য কারও হাত দিয়ে ট্রফি দেওয়াতে চাননি। ভারতও নিজের অবস্থানে অনড় ছিল। ফলে প্রায় এক মাস কেটে গেলেও ভারত ট্রফি পায়নি। পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যান তার পর থেকে ট্রফি হস্তান্তর নিয়ে একের পর এক শর্ত দিয়েছেন। তার এই আচরণে ক্ষুব্ধ বিসিসিআই।

নারী বিশ্বকাপ ফাইনালের পর শাইকীয়া বলেন, বিশ্বকাপ জেতার পর আমাদের নারীদের দল সঙ্গে সঙ্গে ট্রফি পেয়ে গেল। আমাদের পুরুষদের দলও দুবাইয়ে এশিয়া কাপ চ্যাম্পিয়ন হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত সেই ট্রফি বিসিসিআইয়ের দফতরে এসে পৌঁছায়নি। ১০ দিন আগেও আমরা ট্রফি হস্তান্তরের অনুরোধ করে এসিসি চেয়ারপার্সনকে চিঠি দিয়েছি। যত দ্রুত সম্ভব ট্রফি পাঠানোর অনুরোধ করা হয়েছে। অথচ আজ পর্যন্ত ট্রফি আসেনি।

দুবাইয়ে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) বৈঠক রয়েছে। আমরা সেই বৈঠকে বিশ্ব ক্রিকেট সংস্থার কাছে অভিযোগ জানাব। আমি নিশ্চিত আইসিসি ন্যায়বিচার করবে এবং যত দ্রুত সম্ভব ট্রফিটি আমাদের পাওয়ার ব্যাপারে সহযোগিতা করবে।

## লিভারপুলের ছন্দপতন নিয়ে রুনির সমালোচনা, যা বললেন ভ্যান ডাইক



স্টাফ রিপোর্টার, রোজদিন

গত মৌসুমে আর্নে স্লটের অধীনে প্রিমিয়ার লিগের শিরোপা জিতেছিল লিভারপুল। ২০২৫-২৬ মৌসুমের শুরুতে টানা পাঁচটি জয় তুলে নিয়ে দারুণ কিছুর বার্তা দিচ্ছিল অলরেডরা। তবে এরপরই তাদের ফর্ম খারাপ হয়ে যায়। গত সপ্তাহে ব্রেন্টফোর্ডের কাছে হেরে লিগে টানা চতুর্থ পরাজয়ের মুখ দেখে তারা।

সেই হারের পর ইংল্যান্ড ও ম্যানচেস্টার ইউনাইটেড তারকা রুনি বলেন, ভ্যান ডাইক ও মোহাম্মদ সালাহ এই মৌসুমে দলকে সত্যিকারের নেতৃত্ব দিতে পারেননি।

রুনির সেই মন্তব্যের তীব্র বিরোধিতা করেছেন লিভারপুল সেন্টারব্যাক ভ্যান ডাইক। রুনির মন্তব্যটি এক ধরনের ‘অলস সমালোচনা’ বলে মন্তব্য করেন তিনি।

শনিবার অ্যাস্টন ভিলার বিপক্ষে জয় পেয়ে হারানো ফর্মে ফেরার পর ভ্যান ডাইক বলেন, গত মৌসুমে তো আমি রুনিকে কিছুই বলতে শুনিনি। রুনি একজন কিংবদন্তি খেলোয়াড়, অনেকের জন্য অনুপ্রেরণাও। তাই আমি তার সম্পর্কে শুধু ভালো কথাই বলতে চাই। কিন্তু আমি মনে করি তার এই মন্তব্যটা একটু আলসেমি ধরনের সমালোচনা।

এর আগে, রুনি তার সাম্প্রতিক পডকাস্টে বলেন, ভার্জিলের প্রতি আমার পূর্ণ সম্মান আছে। আমি মনে করি তিনি একজন দুর্দান্ত খেলোয়াড়। আমি নিশ্চিত যে আপনি যদি তাকে (ভ্যান ডাইক) বা আর্নে স্লটকে জিজ্ঞাসা করেন, তিনি সম্ভবত গত কয়েক বছরের মতো ভালো খেলেননি।

বর্তমানে লিভারপুল প্রিমিয়ার লিগে তৃতীয় স্থানে রয়েছে লিভারপুল। শীর্ষে থাকা আর্সেনালের চেয়ে সাত পয়েন্ট পিছিয়ে রয়েছে তারা। মূলত ভালো শুরুর পর কিছুটা বাজে ফর্ম যাওয়ায় লিভারপুল ডিফেন্ডার ভ্যান ডাইক ও ফরোয়ার্ড সালাহকে নিয়ে সমালোচনা হচ্ছে। অনেকের মতে, গত মৌসুমের মতো দলকে সামনে থেকে নেতৃত্ব দিতে পারছেন না তারা।

## টি-টোয়েন্টি বিশ্বকাপের পর আফগান কোচের দায়িত্ব ছাড়বেন ট্রট

স্টাফ রিপোর্টার, রোজদিন

আফগানিস্তানের কোচ হিসেবে জোনাথন ট্রটকে মোটামুটি সফলই বলা চলে। তার অধীনে সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপে সেমিফাইনালের খুব কাছে চলে গিয়েছিলেন রশিদ খানরা। যদিও শেষ পর্যন্ত ৬ নম্বরে থেকেই সন্তুষ্ট থাকতে হয় তাদের। এরপর গত টি-টোয়েন্টি বিশ্বকাপে প্রথমবারের মতো সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে আফগানিস্তান। তার অধীনে ইংল্যান্ড, পাকিস্তান, শ্রীলঙ্কা, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া ও বাংলাদেশের বিপক্ষে জয় পেয়েছে আফগানিস্তান দল।

যদিও আফগানিস্তানের সঙ্গে আর বেশিদিন থাকছেন না দলটির প্রধান কোচ জোনাথন ট্রট। আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ শেষে আফগানিস্তানের সঙ্গে সম্পর্কের ইতি টানতে চলেছেন তিনি।



আগামী বছর ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ। ভারতে এর আগে দীর্ঘদিনের নিজেদের ঘরের মাঠের ম্যাচগুলো খেলেছে আফগানিস্তান। ফলে এই কন্ডিশন তাদের ভালোভাবে চেনা। সেখানে ভালো পারফরম্যান্সের প্রত্যাশায় রয়েছেন আফগানরা।

দায়িত্ব ছাড়ার ঘোষণা দিয়ে ট্রট বলেন, আফগানিস্তান জাতীয় দলের সঙ্গে কাজ করা আমার জন্য এক বিশেষ সৌভাগ্যের বিষয় ছিল। তাদের আবেগ, দৃঢ়তা এবং সাফল্যের ক্ষুধা প্রত্যক্ষ করা অনুপ্রেরণাদায়ক।

তিনি বলেন, আমরা একসঙ্গে যা অর্জন করেছি, তাতে আমি গর্বিত, এবং আমি সবসময় আফগান ক্রিকেটের সমর্থক হয়ে থাকব। আমি দলটির এবং আফগান জনগণের আগামীর সাফল্য কামনা করছি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR